# অর্ধ-বার্ষিক পরীক্ষা- ২০২০

## শ্রেণি - অষ্টম

## বিষয় : বাংলাদেশ ও বিশ্ব পরিচয়

## (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট                                                                 পূর্ণমান -৭০

[প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ে সংশি-ষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে অর্জন ছিল নারী, পুরুষ, সাংবাদিক, পেশাজীবী ও সাধারণ জনগণ সাধ্যমত অংশগ্রহণ করে। অন্যদিকে আমাদের স্বাধীনতা অর্জনে বর্হিবিশ্ব ইতিবাচক ও নেতিবাচক ভূমিকা রেখেছিল।

ক) ক্র্যাক প-াটুন কী? ১

খ) অসহযোগ আন্দোলন বলতে কী বোঝায়? ২

গ) নারী, সাংবাদিক এবং পেশাজীবীরা কিভাবে মুক্তিযুদ্ধে অবদান রাখেন, তা ব্যাখ্যা করো। ৩

ঘ) উদ্দীপকের শেষ বাক্যটির সাথে তুমি কি একমত? তোমার মতামত বিশে-ষণ কর। ৪

২। ১৯৪৭ সালে উপনিবেশিক শাসনের হাত থেকে 'ক' নামক রাষ্ট্রটি স্বাধীন হয়। নতুন গঠিত রাষ্ট্রের ছিল দুইটি প্রদেশ। 'ক' দেশের কেন্দ্রীয় সরকার কর্তৃক একটি প্রদেশের জনগণ শাসন-শোষণে অতীষ্ঠ হয়ে পড়ে। উক্ত প্রদেশের একজন প্রভাবশালী নেতা জনগণের উদ্দেশ্যে প্রত্যেককে নিজ দেশের স্বাধীনতার জন্য ঘরে ঘরে দুর্গ গড়ে তুলতে বলেন।

ক) 'এস' ফোর্সের অধিনাক কে ছিলেন? ১

খ) মুজিবনগর সরকার বলতে কি বোঝায়? ২

গ) উদ্দীপকে বর্ণিত প্রভাবশালী রাজনৈতিক নেতার বক্তৃতা ঐতিহাসিক কোন ঘটনাকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩

ঘ) "উক্ত ঘটনা একটি নতুন রাষ্ট্রের স্বাধীনতার পথ ত্বরান্বিত করে।"- মতামত দাও। ৪

১০। দৃশ্যকল্প- ১ : জাফর একটি আন্তর্জাতিক সংস্থায় কর্মরত যা বাংলাদেশের বিভিন্ন প্রাকৃতিক ঐতিহ্য সংরক্ষণে সহায়তা করে।

দৃশ্যকল্প- ২ : জয়নাল একটি সামাজিক সংস্থায় কর্মরত যা বিশ্বের বিভিন্ন দেশে জনস্বাস্থ্য রক্ষায় সমন্বয়কারী হিসেবে কাজ করে।

ক) ---- এর পূর্ণরূপ কী? ১

খ) ------ এর কাজ ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের জাফর কোন সংস্থায় কর্মরত? ব্যাখ্যা কর। ৩

ঘ) জয়নালের কার্যক্ষেত্র বাংলাদেশের বিভিন্ন উন্নয়নমূলক কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে- বিশে-ষণ কর। ৪

১১। আধুনিক বিশ্বের উন্নয়নে আন্তর্জাতিক সংস্থাগুলো বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। 'ক' এমই একটি সংস্থা, যা আমাদের দেশের খাদ্য ও কৃষির জন্য কাজ করছে। আবার 'খ' আরেকটি সংস্থা যা জনসংখ্যা সম্পর্কিত তথ্য সরবরাহের মাধ্যমে জনসংখ্যা নীতি প্রণয়ন এবং গবেষণা কার্যক্রম পরিচালনা করে থাকে।

ক) কোন লক্ষ্যে আঞ্চলিক সংস্থা গড়ে উঠেছে? ১

খ) বাংলাদেশে ------- এর কার্যক্রম ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে উলি-খিত 'ক' সংস্থাটি খাদ্য ও কৃষি উন্নয়নে কিভাবে ভূমিকা রাখছে, তা ব্যাখ্যা করো। ৩

ঘ) উদ্দীপকে উলি-খিত 'খ' সংস্থাটি বিশ্বব্যাপী জনসংখ্যা নীতি প্রণয়নে সহায়তা করছে কেন? তা বিশে-ষণ করো। ৪

৩। রনজু সপ্তম শ্রেণির একজন ছাত্র। গ্রীষ্মের ছুটিতে সে ঢাকায় চাচার বাসায় বেড়াতে গেল। চাচা তাকে শাহবাগে একটি জাদুঘর দেখাতে নিয়ে গেল। চাচা বাড়ি ফিরে বললেন, আমরা যদি আমাদের ঐতিহ্য ধরে রাখতে চাই, তবে অবশ্যই প্রত্নসম্পদসমূহ আমাদের রক্ষা করতে হবে।

ক) তাজহাট জমিদার বাড়ি কোথায়? ১

খ) কোন আমলে এবং কেন কার্জন হল নির্মিত হয়? ২

গ) ইতিহাস ও ঐতিহ্য রক্ষায় রনজুর দেখা জাদুঘরটির ভূমিকা উলে-খ করো। ৩

ঘ) রনজুর চাচার উক্তিটির সাথে তুমি কি একমত? তোমার মতামত বিশে-ষণ কর। ৪

৪। হাসনাত পড়াশোনা শেষে চাকরি নিয়ে মধ্যপ্রাচ্য চলে যায়। সে প্রতিমাসে দেশে টাকা পাঠায়, যা পরিবারের খরচ বহন করার পর দেশের উন্নয়নে ব্যবহৃত হয়।

ক) মানবসম্পদ কাকে বলে? ১

খ) মাথাপিছু আয় বলতে কী বোঝায়? ২

গ) হাসনাতের মধ্যপ্রাচ্য থেকে পাঠানো অর্থের ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ) মানবসম্পদ উন্নয়নের ক্ষেত্রে হাসনাতের গৃহীত পদক্ষেপটি কী একমাত্র উপায়? মতামত দাও। ৪

৫। বাংলাদেশে আশির দশকে একটি শিল্প অগ্রযাত্রা শুরু হয়েছিল। সালমা গ্রাম থেকে চট্টগ্রাম শহরে এসে এমন একটি শিল্প-কারখানায় কাজ করছে। অল্প সময়ের মধ্যে এই শিল্পটি থেকে বাংলাদেশ রপ্তানি আয়ের একটা বড় অংশ অর্জন করে।

ক) ----- কী? ১

খ) রেমিটেন্স বলতে কী বোঝায়? ২

গ) উদ্দীপকে উলি-খিত শিল্পটি কিভাবে নারীদের কর্মসংস্থানের ক্ষেত্রে ভূমিকা পালন করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ) 'দারিদ্র্য বিমোচনের জন্য বাংলাদেশের অধিক শিল্পায়ন প্রয়োজন'- উক্তিটি বিশে-ষণ করো। ৪

৬। গফুর শেখের আদি নিবাস পটুয়াখালী। ত্রিশ বছর আগে পেটের দায়ে সে রাঙ্গামাটি চলে আসে। পাহাড়ের নিচে ঘর বেঁধে আরও অনেকের সঙ্গে বসবাস করত গফুর শেখ। গত বর্ষার পাহাড়ের মাটি নরম হয়ে ভেঙে পড়ে। গফুর শেখ কোনোমতে বেঁচে গেলেও অনেকের প্রাণহানি ঘটে।

ক) 'সুনামি' কী? ১

খ) বৈশ্বিক উষ্ণায়ন বলতে কী বোঝায়? ২

গ) উদ্দীপকে কোন প্রাকৃতিক দুর্যোগের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর্ ৩

ঘ) "উদ্দীপকে বর্ণিত দুর্যোগের ক্ষয়ক্ষতির জন্য গফুর শেখদের অসচেতনতাই দায়ী"- মূল্যায়ন কর। ৪

৭। করিম মোল-া মেঘনা পাড়ের বাসিন্দা। এক দশক আগেও করিম মোল-ার বেশ কিছু জমিজমা ছিল। বিগত কয়েক বছরে একটি বিশেষ প্রাকৃতিক দুর্যোগের কবলে পড়ে তার সমস্ত জমি মেঘনার গর্ভে বিলীন হয়ে যায়। সে এখন পরিবার পরিজন নিয়ে ঢাকা শহরের বস্তি এলাকায় বসবাস করছে।

ক) ----- এর পূর্ণরূপ কী? ১

খ) গ্রিণহাউস গ্যাস বলতে কী বোঝায়? ২

গ) উদ্দীপকে বর্ণিত প্রাকৃতিক দুর্যোগটি ব্যাখ্যা কর। ৩

ঘ) 'কিছু পদক্ষেপ গ্রহণের মাধ্যমে উক্ত দুর্যোগের ক্ষয়ক্ষতি হ্রাস করা সম্ভব'- বিশে-ষণ কর। ৪

৮। রাহুল দশম শ্রেণির শিক্ষার্থী। তার বাবা-মা দুইজনেই চাকরিজীবী। স্কুলে না গিয়ে রাহুল খারাপ ছেলেদের সাথে সময় কাটায়। সে প্রথমে ধুমপান, পরে মাদক সেবন শুরু করে। এক পর্যায়ে লেখাপড়াই বন্ধ করে দেয়।

ক) মাদকাসক্তি কী? ১

খ) অপসংস্কৃতি বলতে কী বোঝায়? ২

গ) রাহুলের এ ধরনের পরিণতির জন্য কিশোর অপরাধের কোন কারণটি দায়ী? ব্যাখ্যা কর। ৩

ঘ) রাহুলকে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে অভিভাবকের সচেতনতাই কি একমাত্র উপায়? মতামত দাও। ৪

৯। রিমি ময়মনসিংহের বাসিন্দা। সে তার বাবা-মায়ের সাথে গত বছর দক্ষিণ-পূর্বাঞ্চলে বেড়াতে যায়। সেখানে সে বৌদ্ধ ধর্মাবলম্বী এবং রক্ষণশীল একটি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর দেখা পায়।

ক) ওয়ানগালা কী? ১

খ) গারোদের ধর্মীয় জীবন ব্যাখ্যা কর। ২

গ) রিমির দেখা ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক জীবন ব্যাখ্যা কর। ৩

ঘ) রিমির এলাকায় বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাথে তার দেখা ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মধ্যকার ধর্মীয় জীবনের পার্থক্য বিশে-ষণ কর। ৪

11|

| | | | |
|---|---|---|---|
| সূর্য → | উৎপাদক → | তৃণভোজী → | মাংসাশী |

ক) বাস্তুসংস্থান কি? ১

খ) খাদ্যশৃংখল বলতে কি বুঝায়? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের তথ্যানুসারে সুন্দরবনের বাস্তুতন্ত্র আলোচনা কর। ৩

ঘ) উদ্দীপকের প্রবাহচিত্রের প্রথম ধাপটি সকল শক্তির উৎস- বিশে-ষণ কর। ৪

# অর্ধ-বার্ষিক পরীক্ষা- ২০২০

## শ্রেণি - অষ্টম

## বিষয় : বিজ্ঞান

## (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান -৭০

**যে কোন সাতটি প্রশ্নের উত্তর দাও**

১। রাহেলা তার মামার বাড়িতে বেড়াতে গিয়ে সরিষা ক্ষেত দেখে মামাকে জিজ্ঞাসা করল, এগুলো কি ফুল? মামা বলল- সরিষা ফুল। রাহেলা ফুলগুলোতে নানা রকম কীটপতঙ্গের ঘুড়ে বেড়ানো দেখে মামার নিকট এর কারণ জানতে চাইলে মামা বললেন, মধু খেতে ও সুন্দর রঙের আকর্ষণে কীটপতঙ্গগুলো ফুলে ফুলে ঘুরে বেড়ায়।

ক) স্বপরাগায়ন কাকে বলে? ১

খ) ফুলে বৃতির উপকারিতা ব্যাখ্যা কর। ২

গ) রাহেলার দেখা ফুলের অভিযোজন ব্যাখ্যা কর। ৩

ঘ) ফল ও বীজের উৎপাদনে দেখা প্রক্রিয়াটির গুরুত্ব বিশে-ষণ কর। ৪

২। জনাব রমিজ স্যার একদিন ক্লাসে রূপান্তরিত কান্ড পরানোর সময় ছাত্র-ছাত্রীদের বিভিন্ন বাস্তব উপকরণ দেখাচ্ছিলেন। উপকরণ হিসেবে তিনি আলু এবং আদা আনলেন।

ক) প্রজনন কাকে বলে? ১

খ) যৌগিক ফল বলতে কি বুঝায়? ২

গ) জনাব রমিজ স্যারের দেখানো প্রথম উপকরণটি কিভাবে প্রজনন সম্পূর্ণ করে ব্যাখ্যা কর। ৩

ঘ) উপকরণ দুইটিতে একই অঙ্গজ প্রজনন ঘটলেও এদের বৃদ্ধি পদ্ধতি ভিন্ন- বিশে-ষণ কর। ৪

৩। মানুষের শরীর ‘A’ দ্বারা আবৃত, ‘A’ এর মাধ্যমে শরীর থেকে লবণ ক্ষতিকর পদার্থ বের হয়ে যায়। আবার নাইট্রোজেন ঘটিত বর্জ্য পদার্থ শরীর থেকে নিষ্কাশনের জন্য ‘B’ অঙ্গটির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

ক) ফ্লোরিজেন কি? ১

খ) প্রতিবর্ত চক্র বলতে কি বুঝায়? ২

গ) ‘A’ অংশ স্পর্শ করলেই আমরা বুঝতে পারি- এর কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ) মানবদেহের ‘B’ অঙ্গটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

**4|**

| A | B |
|---|---|
| নিউরন | মস্তিষ্ক |

ক) ফাইটোহরমোন কাকে বলে? ১

খ) রেচন অঙ্গ বলতে কি বুঝায়? ২

গ) চিত্রসহ A এর গঠন বর্ণনা কর। ৩

ঘ) ‘B’ এর প্রধান অংশটি বিশেষ কর্মকেন্দ্র হিসেবে কাজ করে- বিশ্লেষণ কর।

৫। বিজ্ঞান ক্লাসে শিক্ষক রাসায়নিক সমীকরণ লিখতে বলায় হাশেম নিম্নের সমীকরণ দুইটি লিখল।

i) $Fe + S \rightarrow FeS$,

ii) $FeS \rightarrow Fe + S$

ক) সংকেত কাকে বলে? ১

খ) তড়িৎ বিশ্লেষ্য পদার্থ বলতে কি বুঝায়- ব্যাখ্যা দাও। ২

গ) হাশেমের লিখিত বিষয়ের নিয়মাবলী ব্যাখ্যা কর। ৩

ঘ) হাশেমের লিখিত বিক্রিয়া দুইটিতে একই রকমের মৌল বা যৌগের উপস্থিতি থাকলেও বিক্রিয়া দুইটির ধরণ ভিন্ন- বিশ্লেষণ কর। ৪

৬। নিচের বিক্রিয়া দুইটি লক্ষ্য কর :

i) $S + O_2 \rightarrow SO_2$

ii) $Zn + H_2SO_4 \rightarrow ZnSO_4 + H_2$

ক) রাসায়নিক বিক্রিয়া কাকে বলে? ১

খ) মিথেন এসিড নয় কেন- ব্যাখ্যা কর। ২

গ) i) নং বিক্রিয়াটি কোন শ্রেণির বিক্রিয়া- ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের বিক্রিয়া দুইটির মধ্যে কোনটি প্রতিস্থাপন বিক্রিয়া- এর কারণ বিশ্লেষণ কর। ৪

৭। সাগর পুকুরে কোচ দিয়ে মাছ শিকার করতে গিয়ে বারবার ব্যর্থ হয়। হঠাত একদিন তার হাত থেকে কোচটি পানিতে পড়ে গিয়ে কাদার সাথে আটকে যায়। সে লক্ষ্য করল, কোচটি পূর্বের তুলনায় মোটা ও বাঁকা দেখাচ্ছে। বিষয়টি নিয়ে সে তার বিজ্ঞান শিক্ষকের সাথে আলোচনা করে সে পরবর্তীতে মাছ শিকারে সক্ষম হল।

ক) প্রতিরণ কাকে বলে? ১

খ) পূর্ণ আভ্যন্তরীণ প্রতিফলন বলতে কি বুঝায়? ২

গ) কোচটি মোটা ও বাঁকা দেখানোর কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ) প্রথমবার সাগর মাছ শিকারে ব্যর্থ হলে পরের বার সফল হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

**8|**

| A | B |
|---|---|
| মানবচক্ষু | ক্যামেরা |

ক) সংকট কোণ কাকে বলে? ১

খ) আলো ভিন্ন মাধ্যমে গতিপথ পরিবর্তন করে- ব্যাখ্যা কর। ২

গ) ‘A’ কিভাবে মানুষকে দেখতে সাহায্য করে লিখ। ৩

ঘ) ‘A’ এবং ‘B’ এর মধ্যে সাদৃশ্য এবং বৈসাদৃশ্যের তুলনামূলক আলোচনা কর। ৪

**9|**

| উপগ্রহ | |
|---|---|
| চাঁদ- A | অ্যাপোলো সয়োজ- B |

ক) ছায়াপথ কাকে বলে? ১

খ) মহাশুন্যের শুরু এবং বিস্তৃতি ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের ‘B’ অংশটি কি ধরণের কাজ করে বর্ণনা দাও। ৩

ঘ) উদ্দীপকের ‘A’ এবং ‘B’ অংশের তুলনামূলক আলোচনা কর। ৪

১০। মোশারফের বয়স ৩০ বছর এবং ওজন ৪৫ কেজি। কিছুদিন যাবত তার দেহে পর্যাপ্ত পরিমাণ তাপ ও শক্তি উৎপাদন হচ্ছে না। ইহা ছাড়াও ডাক্তার তাকে নাইট্রোজেন সমৃদ্ধ খাবার খেতে পরামর্শ দিলেন।

ক) রাফেজ কি? ১

খ) সুষম খাদ্যের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২

গ) মোশারফের দৈনিক কি পরিমাণ শর্করা জাতীয় খাবারের প্রয়োজন? নির্ণয় কর। ৩

ঘ) মোশারফের কি কি খাদ্য খাওয়া প্রয়োজন- যুক্তিসহ বিশে-ষণ কর। ৪

(ক) ঘৃণা কাকে বলে? ১

(খ) চৌযবৃত্তি গ্রহণীয় নয় কেন? ২

(গ) প্রহরির আচরণে কি প্রকাশ পায়? উক্ত বিষয়ের গুরুত্ব হাদিসের আলোকে তুলে ধর। ৩

(ঘ) ইসলামি শরিয়তে ঘুষের পরিণতি ও বিধান বিশে-ষণ কর। ৪

১১।




(ক) চৌর্যবৃত্তি কি? ১

(খ) দেশপ্রেম মূলক ২টি কাজ লিখ। ২

(গ) উদ্দীপকের খালিঘরে কি বসবে? উক্ত কাজের ফলে পরিবার সমাজে কোন অবস্থা সৃষ্টি হতে পারে? বিশে-ষণ কর। ৩

(ঘ) খালিঘরের বিষয়টি কিভাবে মানুষকে মানসিকভাবে

# অর্ধ-বার্ষিক পরীক্ষা- ২০২০

## শ্রেণি - অষ্টম

## বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা

## (সৃজনশীল)

সময় : ২.৩০ ঘণ্টা পূর্ণমান -৭০

**যে কোন ৭টি প্রশ্নের উত্তর লিখবে ঃ** **৭×১০ = ৭০**

১। মুসা একদিন বইমেলা থেকে একজন মনীষীর জীবনীর উপর একটি বই কিনল। যে মনীষীকে আল-াহ নবুয়ত রাজত্ব ও হাওয়াই সিংহাসন দান করেছিলেন।

(ক) ভ্রাতৃত্ব কাকে বলে? ১

(খ) আখলাকে হামিদা গুরুত্বপূর্ণ কেন? ২

(গ) উদ্দীপকে কোন মনীষীর কথা বলা হয়েছে? উক্ত মনীষীর বিচার ব্যবস্থা কেমন ছিল বিশে-ষণ কর। ৩

(ঘ) উদ্দীপকের সাথে মিলকৃত ব্যক্তির জীবন চরিত্র তুলে ধর। ৪

২। মহানবি (স.) ১০ হাজার সৈন্য বাহিনী নিয়ে যুদ্ধের জন্য অগ্রসর হয়ে বিনা রক্তপাতে জয়ী হন এবং পবিত্র নগরী জয় করেন। এই জয়ের পর তিনি ঐতিহাসিক এক ভাষণ দেন।

(ক) সন্ত্রাস কাকে বলে? ১

(খ) এইডস কিভাবে ছড়ায়? ২

(গ) উদ্দীপকে কোন দিনের কথা বলা হয়েছে? সেদিন মহানবি (স.) যে বিজয় অর্জন করেছিলেন তা কিভাবে? ৩

(ঘ) মহানবি (স.) এর সেদিনের ঐতিহাসিক ভাষণের বিভিন্ন দিক তুলে ধর। ৪

৩। তিনি হলেন সমগ্র বিশ্ব জাহানের জন্য রাহমাতুললিন আলামিন। তিনিই সর্বোত্তম চরিত্রের ধারক ও বাহক। হাশরের দিন যার শাফায়াত ছাড়া এক কদমও চলবে না।

(ক) মাররুজ জাহরান কোথায় অবস্থিত? ১

(খ) হিন্দা কে ছিলেন? সে হযরত হামজার সাথে কি আচরণ করেছিল? ২

(গ) উদ্দীপকে কার ইঙ্গিত পাওয়া যায়? তাঁর চরিত্রের আদর্শের বিভিন্ন দিক তুলে ধর। ৩

(ঘ) উদ্দীপকের সাথে মিলকৃত ব্যক্তির শাফায়াত পেতে হলে আমাদের কিভাবে জীবন যাপন করতে হবে? বিশে-ষণ কর। ৪

৪। মায়মুনা একদিন সহপাঠীদের সাথে শিক্ষা সফরে গেল। সেখান থেকে ফিরে আসার সময় গতিমধ্যে তার কানের দুল পরে গেলে সে তা খুজতে খুজতে সবার পেছনে পরে গেল। সবাই তাকে খুজে না পেয়ে বাজে মন্ড়ব্য করতে লাগল।

(ক) বায়তুল-াহ কি? ১

(খ) হযরত ঈসা (আ.) এর উপাধি সহ জন্ম পরিচয় লিখ। ২

(গ) উদ্দীপকের ঘটনাটি তোমার পাঠ্য বইয়ের কোন ঘটনার সাথে সামঞ্জস্যতা পাওয়া যায়? উক্ত ঘটনাটি তুলে ধর। ৩

(ঘ) উম্মে সিদ্দিকা ও উম্মে হুমায়রা কি উক্ত ঘটনার সম্পৃক্ত? তার চারিত্রিক গুণাবলি তুলে ধর। ৪

৫। পঙ্গপাল এর নাম আমরা বর্তমানে বেশ কিছু দেশের ক্ষেত্রে শুনে থাকি। অনেকদিন আগে এক মনীষীর শস্যক্ষেতে এরা এসে পড়েছিল। উক্ত মনীষীর প্রার্থনায় এরা উড়ে পালিয়ে গেল।

(ক) পঞ্চম খলিফা কাকে বলা হয়? ১

(খ) শিক্ষক হিসেবে হযরত আয়েশা সিদ্দিকার কয়েকটি দিক তুলে ধর। ২

(গ) উদ্দীপকের ঘটনা তোমার পাঠ্য বইয়ের কোন ঘটনার সাথে সম্পৃক্ত? উক্ত মনীষীর আত্মাতিকতার পরিচয় তুলে ধর। ৩

(ঘ) আল-াহর উপর ভরসা বা আস্ড়া রক্ষাকারী হিসেবে উক্ত মনীষীর অবস্থান বিশে-ষণ কর। ৪

৬। বহুদিন আগে এমন এক ব্যক্তি ছিলেন যিনি আল-াহপাকের স্বয়ং কুদরতি ক্ষমতা বলে পিতা ছাড়াই পৃথিবীতে এসেছিলেন। আল-াহ পাক উক্ত ব্যক্তি বিশেষ ক্ষমতা দান করেন যে, তিনি জন্মান্ধকে দৃষ্টি ফিরিয়ে দিতে পারতেন।

(ক) তুর পাহাড়ে কোন নবি গিয়েছিলেন? ১

(খ) কোন নবির অধীনে একদল জিন ছিল? তাদের কাজ কি ছিল? ২

(গ) উদ্দীপকে কোন ব্যক্তির কথা বলা হয়েছিলেন? উপস্থাপন কর। ৩

(ঘ) উক্ত ব্যক্তি বিশেষ ক্ষমতা কি কি ছিল তাকে নিয়ে মানুষের ভ্রান্ড় ধারণা কি যুক্তি সংগত বলে তুমি মনে কর? বিশে-ষণ কর। ৪

৭। প্রাইভেট ইউনিভার্সিটির ‘Z’ নামক এক শিক্ষিকা ক্লাসে যখন পাঠদান করেন তখন কিছু ছাত্র উনাকে দেখে পেছন থেকে বাজে মন্ড়ব্য করেন। অমনোযোগী হয়ে যায়। যা লক্ষ্য করেন ইউনির্ভাসিটির চেয়ারম্যান। তখন তিনি সেই শিক্ষিকাকে বললেন ছাত্রদের এমন আচরণের কারণ অনুসন্ধান করতে।

(ক) অশ-ীলতা কি? ১

(খ) অহংকার কয় ধরনের হতে পারে? ২

(গ) শিক্ষিকা সেই ছাত্রদের এরূপ আচরণে কি প্রতিক্রিয়া দেখাবেন? এবং কি কারণ খুজে পেতে পারেন বলে তুমি মনে কর?

(ঘ) তুমি কি মনে কর যে, সেই শিক্ষার্থীরা অশ-ীলতার কোন না কোন ধাপের সাথে নিজেদের সম্পৃক্ত করেছে? এর কুফল সহ উপস্থাপন কর। ৪

৮। মি. ‘Y’ সাহেব একজন সফল ব্যবসায়ী। তিনি একদিন গাড়ি নিয়ে রাস্ড়া দিয়ে যাচ্ছেন এমতাবস্থায় তার গাড়ির ধাক্কায় একজন অন্ধ লোক পড়ে যায়। কিন্তু তিনি সেই দিকে নজর না দিয়ে তার মিটিং এ চলে গেলেন।

(ক) আখলাকে জামিমা কাকে বলে? ১

(খ) পরমত সহিষ্ণুতা জর"রি কেন? ২

(গ) মি. ‘Y’ সাহেবের আচরণে কিসের প্রকাশ পাওয়া যায়? এর ফলে সমাজে কোন ধরণের পরিস্থিতি সৃষ্টি হতে পারে? ৩

(ঘ) মি. ‘Y’ সাহেবের কি করা উচিৎ ছিল? মি. ‘Y’ সাহেব সফল ব্যবসায়ী হওয়ার সাথে তার উপর সমাজের প্রতি কোন দায়িত্ব বর্তায় কি? বিশে-ষণ কর। ৪

৯। মি. ‘M’ সাহেব পরিবারের প্রধান। তিনি সকলের প্রতি সমান গুর"ত্ব দেন। সবার মতকে প্রাধান্য দেন। তার পরিবারটি একটি আদর্শ পরিবার।

(ক) দেশপ্রেম কিসের অঙ্গ? ১

(খ) ইসলামি ভ্রাতৃত্ব কেমন হতে পারে? ২

(গ) মি. ‘M’ সাহেবের আচরণে কোনটি রক্ষা করা হয়েছে? আদর্শ পরিবার গড়তে উক্ত কাজটির গুর"ত্ব ব্যাখ্যা কর। ৩

(ঘ) একটি সুন্দর রাষ্ট্র গড়তে অন্যের মতামত কে প্রাধান্য দেয়া কতটুকু জর"রি বলে তুমি মনে কর? এর সুফল সহ বিশে-ষণ কর। ৪

১০। সীমান্ড়ে অবস্থানকারী এক প্রহরি রাত্রিবেলা পাহারা দিচ্ছিল। এমতাবস্থায় দুজন লোক পার হওয়ার চেষ্টা করছে সাথে দুজন নারী সহ। হয়তবা তারা পাচারকারী। এমতাবস্থায় প্রহরি তাদের আটক করে। তারা প্রহরিকে ঘুষ দিতে চেষ্টা করে কিন্তু সে বলে আমি দেশপ্রেমিক। দেশের সাথে বেইমানি করতে পারব না এবং তাদের আটক করে রাখল।

গ) সাধন কীভাবে ধর্মপথে ফিরে আসতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ) ‘সাধু ও শ্রীধর’ উপাখ্যানের আলোকে সাধনের জীবনে সৎসঙ্গের অভাব সম্পর্কে আলোচনা কর। ৪

১১। প্রণব বাবু শিক্ষার্থীদের বলেন, আমাদের সমাজের প্রতিটিই মানুষ নৈতিক শিক্ষার প্রথম ধাপটি পরিবার থেকে গ্রহণ করে। তাই পরিবারের প্রত্যেকের নৈতিকতার চর্চা করা উচিত। পরিবারে ও সমাজে যখন ন্যায় বিচার প্রতিষ্ঠিত হয় তখন মানুষ অসৎসঙ্গ পরিত্যাগ করতে পারে। সংযত আচরণের অধিকারী মানুষই অহংকার শূন্য হয়ে সকলের সাথে অহিংস আচরণ করে।

ক) HIV এর পূর্ণরূপ কী? ১

খ) কীভাবে এইডস্ প্রতিরোধ করা যায়? ব্যাখ্যা কর। ২

গ) প্রণব বাবুর বক্তব্যের আলোকে নৈতিক শিক্ষায় পরিবারের ভূমিকা ব্যাখ্যা কর। ৩

ঘ) প্রণব বাবুর শেষোক্ত বক্তব্যটি তুমি সমর্থন কর কি? স্বপক্ষে যুক্তি দাও। ৪

# অর্ধ-বার্ষিক পরীক্ষা- ২০২০

## শ্রেণি - অষ্টম

## বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

## (সৃজনশীল)

সময় : পূর্ণমান -৭০

**[যেকোন ৭টি সৃজনশীল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান- ১০।]**

১। প্রদীপ বাবু শ্রেণিকক্ষে হিন্দুধর্মের স্বরূপ পড়াতে গিয়ে বলেন, যাহার সত্তায়, আদিতে, মধ্যে এবং অন্তে সকল কিছু প্রকাশ পায়। যিনি ষড়বিকার বর্জিত বাক্য মনের অগোচরে নিত্যসত্যস্বরূপ, পবিত্র এবং সংযমী তিনিই ধর্মের স্বরূপ সম্পর্কে অবগত।

ক) স্মৃতিশাস্ত্র কাকে বলে? ১

খ) ‘ব্রহ্মচর্য আশ্রম’ বলতে কী বোঝায়? ২

গ) ধর্মের সাধারণ লক্ষণ তোমার বাস্তব জীবনে কীভাবে পালন করবে? বুঝিয়ে বল। ৩

ঘ) ধর্মের বিশেষ লক্ষণ বিবেকের বাণী কীভাবে মেনে চলবে? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দেখাও। ৪

২। সুপর্ণা দেবী প্রতি বছর ফাল্গুন মাসের কৃষ্ণা চতুর্দশীতে এক ব্রত পালন করেন। তিনি জানেন ইনি জগতের সংহারকর্তা। ভক্তি ভরে একটি পাতা দিলেও তিনি সন্তুষ্ট হন এবং তার অনুগ্রহ লাভ করা যায়।

ক) ব্রত কাকে বলে? ১

খ) ব্রত পালনের পূর্বশর্ত কি? বুঝিয়ে লেখ। ২

গ) সুপর্ণা দেবী কোন দেবতার পূজা করেন এবং কীভাবে তা সম্পন্ন করেন? পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত ব্রত পালনের মাধ্যমে ব্রতীর কী কী আকাঙ্ক্ষা পূরণ হবে? বিশে-ষণ কর। ৪

৩। নরেশ বাবু একজন দরিদ্র কৃষক ছিলেন। তিনি নিজের জমিতে কাজ করতেন। মাঝে মাঝে তিনি অন্যের বাড়িতে শ্রমিক হিসেবে কাজ করতেন। আর্থিক কষ্টে জীবন যাপন করলেও তিনি ছেলেকে উচ্চ শিক্ষায় শিক্ষিত করেছেন। তাঁর ছেলে বর্তমানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক। শিক্ষকতার পাশাপাশি তিনি ধর্মীয় কাজেও নিজেকে নিয়োজিত রাখেন।

ক) হিন্দুধর্ম মতে যুগ কয়টি? ১

খ) চতুরাশ্রম বলতে কী বোঝায়? ২

গ) শাস্ত্রমতে নরেশ বাবু কোন বর্ণের লোক? ব্যাখ্যা কর। ৩

ঘ) নরেশ বাবু ও তার ছেলে কি একই বর্ণের লোক? যুক্তি সহকারে বিশে-ষণ কর। ৪

৪। অনিক এ বছর ১৩ থেকে ১৪ বছরে পা রাখল। শাস্ত্রানুযায়ী এটি হলো ব্রাহ্মণের ছেলের উপনয়নের উৎকৃষ্ট সময়। তাই তার বাবা চিন্ড়া ভাবনা করে পঞ্জিকা দেখে উপনয়নের দিন ধার্য করলেন। উপনয়ন কী? ব্রহ্মচর্য ও গার্হস্থ্য কীভাবে পালন করতে হয় সে সম্পর্কে ছেলেকে বললেন। তিনি আরও বললেন, আসক্তি শূন্য হলে গৃহে থেকে ও সন্ন্যাসী হওয়া যায়। অনিককে বাবা বললেন, আশ্রমের মধ্যে গার্হস্থ্য আশ্রমই শ্রেষ্ঠ।

ক) ব্রহ্মচর্যাশ্রম কী? ১

খ) "আসক্তি শূন্য হলে গৃহে থেকেও সন্ন্যাসী হওয়া যায়।"- ব্যাখ্যা কর। ২

গ) একজন গৃহস্থী হিসেবে অনিক কী কী কর্তব্য পালন করবে?- ব্যাখ্যা কর।৩

ঘ) "আশ্রমের মধ্যে গার্হস্থ্য আশ্রমই শ্রেষ্ঠ।"- উক্তিটি মূল্যায়ন কর। ৪

৫। সজীব অষ্টম শ্রেণির ছাত্র। কোমরের ব্যথার জন্য তার পড়াশুনায় সমস্যা হয়। এছাড়াও ক্ষুধা মান্দ্য ও অজীর্ণেও মাঝেমাঝে ভোগে। তার শ্রেণি শিক্ষক তাকে একটা আসন অনুশীলনের পরামর্শ দেন। তা অনুশীলনের ফলে সে বর্তমানে সুস্থ জীবনযাপন করছে।

ক) ধর্মকর্মের আধার কী? ১

খ) অনুশীলন বলতে কী বোঝ? ২

গ) সজীব কোন আসনটি অনুশীলন করে? উক্ত আসনটির অনুশীলন পদ্ধতি পাঠ্যপুস্ড়কের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) সজীবের শরীর ও মনের ওপর উক্ত আসনের প্রভাব মূল্যায়ন কর। ৪

৬। মুনিয়া নিয়মিত গোমুখাসন অনুশীলন করে। তার ধারণা দেহ মনের সুস্থতা ও পারমার্থিক মঙ্গলের জন্য যোগাসন প্রয়োজন।

ক) যোগাসন কাকে বলে? ১

খ) যারা নিত্যকর্ম অনুশীলন করে না তাদের অবস্থা কেমন হয়? ২

গ) মুনিয়া কীভাবে উক্ত আসনটি অনুশীলন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) "শুধু দেহ মনের সুস্থতার জন্যই নয়, পারমার্থিক মঙ্গলের জন্যও যোগাসন প্রয়োজন।"- মন্ড়ব্যটি বিশে-ষণ কর। ৪

৭। ঈশ্বরের সাকার রূপ দেব-দেবী। এমনি একজন দেবতা শনি যার সন্তুষ্টির মাধ্যমে আমরা বিপদ-আপদ থেকে দূরে থাকতে পারি। দেবতারা যেভাবে তুষ্ট হন সেভাবেই তাদের পূজা করতে হয়।

ক) দেব-দেবী কত প্রকার? ১

খ) দেব-দেবীর পূজা করা হয় কেন? ২

গ) উদ্দীপকের উক্ত দেবতার পূজা পদ্ধতি ব্যাখ্যা কর। ৩

ঘ) 'দেবতারা যেভাবে তুষ্ট হন সেভাবেই তাঁদের পূজা করা হয়।'- উক্তিটির যথার্থতা বিশে-ষণ কর। ৪

৮। ইনসেপটা কোম্পানীর পক্ষ থেকে সরকারী উচ্চ বিদ্যালয়গুলোতে এইচ, আই, ভি টাইফয়েড, মাদকাশক্তি সম্পর্কে সেমিনার হয়। এ সেমিনারে হেপাটাইটিস বি ভাইরাস সম্পর্কে ব্যাপক আলোচনা করা হয়।

ক) এইডস কী? ১

খ) এইডস কী কারণে হতে পারে? ব্যাখ্যা কর। ২

গ) এইডসের সামাজিক প্রভাব ব্যাখ্যা কর। ৩

ঘ) 'পাপকে ঘৃণা কর পাপীকে নয়।'- উক্তিটির আলোকে এইডস আক্রান্ড় রোগীর প্রতি কেমন আচরণ করা উচিত? ৪

৯। আশিক ও সুভাস দুই বন্ধু। সুভাস সকলকে অত্যন্ড় সম্মানের চোখে দেখে। মুচি, নাপিত, ধোপা সবাইকে সে শ্রদ্ধা করে। কিন্ড়ু আশিক একেবারেই বিপরীত। তার মতে মুচি, নাপিত, ধোপা- এদের সাথে এত ভালো ব্যবহার করে কাজ নেই।

ক) নৈতিকতা কী? ১

খ) মূল্যবোধ বলতে কী বোঝ? ২

গ) সুভাসের মধ্যে কোন গুণটির প্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) আশিকের চিন্ড়াধারা মূল্যবোধে অবক্ষয়েরই নামান্ড়র।- মন্ড়ব্যটি বিশে-ষণ কর। ৪

১০। মারামারি ও চাঁদাবাজিতে পটু সাধন। এলাকার সবাই তার অত্যাচারে শঙ্কিত। কেউ তার সাথে বন্ধুত্ব করতে যায় না। তার এমন আচরণে অতিষ্ট হয়ে পরিবারের সদস্যরাও তাকে দূরে ঠেলে দিয়েছে। অনেক চেষ্টা করেও তাকে সুস্থ জীবনে ফেরানো যায়নি।

ক) সৎসঙ্গ কী? ১

খ) সৎসঙ্গ মানুষের জীবনে কীভাবে প্রভাব ফেলে? ২

ক) বৌদ্ধদের মহাতীর্থস্থান কয়টি? ১

খ) কুশীনগর কেন বিখ্যাত? ২

গ) ছকে বর্ণিত স্থানটির পরিচিতি কোন তীর্থস্থানের প্রতিফলন? ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত স্থানটির ঐতিহাসিক গুরুত্ব পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০। সুদর্শী চাক্মা শিল্পপতি ও জ্ঞানী লোক ছিলেন। তিনি ধর্মের প্রতি অগাধ বিশ্বাসী ছিলেন। তিনি ভিক্ষুসঙ্ঘের জন্য আবাসন ও চিকিৎসার ব্যবস্থা করেন। একদা ত্রিপিটকের অংশ বিশেষ বিনয়বিধি সম্পর্কে বিতর্ক দেখা দেয়। এমতাবস্থায় তিনি একজন পণ্ডিত ব্যক্তি নির্বাচন করেন এবং উক্ত পন্ডিত বিনয় বিধির ওপরে একটি গ্রন্থ রচনার মাধ্যমে সে সমস্যার সমাধান করেন।

ক) দেবানামপিয়া উপাধি কে লাভ করেছিলেন? ১

খ) সম্রাট কনিষ্ক শাসন ব্যবস্থাকে বিকেন্দ্রীয়করণ করেছিলেন কেন? বর্ণনা কর।২

গ) সুদর্শী চাক্মার মহৎ উদ্যোগটিতে বৌদ্ধধর্মের ইতিহাসের কোন কবির আদর্শের প্রতিফলন ঘটেছে- ব্যাখ্যা কর। ৩

ঘ) বৌদ্ধধর্মের পৃষ্ঠপোষকতায় সুদর্শী চাক্মার কর্মকান্ড সম্রাট কনিষ্কের সঙ্গে কতটুকু সাদৃশ্যপূর্ণ- যুক্তি প্রদর্শন কর।

১১। অরুন বড়ুয়া একজন সাহিত্যনুরাগী শাসক। বিখ্যাত পন্ডিতগণ তার রাজসভা অলংকৃত করেন। তিনি তাদের পৃষ্ঠপোষকতা দান করেন। এছাড়া তিনি তাদের রাজ্যের জনসাধারণকে মঙ্গলার্থে সর্বদা নিয়োজিত থাকেন। এলক্ষে তিনি শাসন ব্যবস্থার বিকেন্দ্রীকরণ করেন।

ক) দেবপুত্র কার উপাধি ছিল? ১

খ) কৃষাণ শিল্প সম্পর্কে কী জান লেখ। ২

গ) সম্রাট কনিষ্কের আলোকে অরুন বড়ুয়ার বিকেন্দ্রীকরণের ধারণা ব্যাখ্যা কর। ৩

ঘ) বৌদ্ধধর্ম প্রচার প্রসারে উক্ত শাসকের অবদান জীবনে কতটুকু প্রতিফলিত হতে পারে? মূল্যায়ন কর। ৪

# অর্ধ-বার্ষিক পরীক্ষা- ২০২০

## শ্রেণি - অষ্টম

## বিষয় : বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা

## (সৃজনশীল)

সময় : ২.৩০ মিনিট পূর্ণমান -৭০

**যে কোন সাতটি সৃজনশীল প্রশ্নের উত্তর লেখ ঃ** **১০×৭ = ৭০**

১। কুনেন্দু তঞ্চঙ্গ্যা নিজ বাড়িতে এক মহৎ ভিক্ষুকে মঙ্গলসূত্র শ্রবণের উদ্দেশ্য নিয়ন্ত্রণ করেন। কিন্তু বাড়ির অনতিদূরে খালের ওপর ব্রিজের একাংশ বন্যার পানিতে তলিয়ে যায়। যার কারণে ঐ ভিক্ষুর আগমন অনিশ্চিত হয়ে পড়ে। কিন্তু কুনেন্দু তঞ্চঙ্গ্যা সুকৌশলে ভিক্ষুকে ঐদিন পারাপারের যথাযথ ব্যবস্থা করে বাড়িতে আনেন। ভবিষ্যতে তিনি যাতে ভিক্ষু হতে পারেন এজন্য অর্হৎ ভিক্ষুর নিকট প্রার্থনা করেন।

ক) বুদ্ধত্ব লাভে অভিলাষী বোধিসত্ত্বগণকে কী পূর্ণ করতে হয়? ১

খ) মৈত্রী পারমী বলতে কী বোঝায়? ২

গ) কুনেন্দু তঞ্চঙ্গ্যার কর্মকান্ডের সাথে পারমী পাঠের কোন ঘটনার ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত কর্মকান্ডের দ্বারা কুনেন্দু তঞ্চঙ্গ্যা যে পারমী পূরণে সমর্থ হবেন- তা যুক্তি সহকারে বুঝিয়ে লেখ। ৪

২। মিলন ও বন্ধন দুই প্রতিবেশী। বন্ধন অনেকটা সংসার ত্যাগী। সে অল্প লাভে সন্তুষ্ট থাকে এবং উদ্যমশীল হয়। অপরদিকে মিলন দানের মাধ্যমে মানুষের দরিদ্রতা দূর করার চেষ্টা করে। সে মনে করে দশ পারমীর মধ্যে দান পারমীর স্থান সবার আগে।

ক) পারমী বলতে কী বুঝায়? ১

খ) দশ পারমী চর্চা করতে হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ) বন্ধনের কর্মকান্ডে কোন ধরণের পারমী পূর্ণ হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ) মিলনের ধারণাটির সাথে তুমি কি একমত? যুক্তি সহকারে বিশ্লেষণ করো।৪

৩। জেতবন বৌদ্ধ বিহারের জ্ঞানালোক শ্রামণের বিশ বছর পূর্ণ হয়। তাই বিহার অধ্যক্ষের পরামর্শে তিনি পিতা-মাতার অনুমতি নিয়ে ভিক্ষুদের মৌলিক আটটি জিনিস নিয়ে শ্রদ্ধেয় বিহারাধ্যক্ষের শরণাপন্ন হয়। তারপর আত্মীয় স্বজনেরা এক পুণ্যানুষ্ঠানের আয়োজন করেন।

ক) সঙ্ঘদান কী? ১

খ) সঙ্ঘকে অনুত্তর পুণ্যক্ষেত্র বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ) জ্ঞানোলোক শ্রামণের আত্মীয় স্বজনেরা কোন অনুষ্ঠানের আয়োজন করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) আত্মীয়-স্বজনেরা উক্ত দানের ফলে যা লাভ করতে পারে তা পাঠ্যবইয়ের আলোকে বিশে-ষণ কর। ৪

৪। মৃণাল বড়ুয়ার বাড়িতে এক দানানুষ্ঠানের আয়োজন করা হয়। তিনি আট পদের দানীয় দ্রব্য এবং ভিক্ষুসঙ্ঘের জন্য ব্যবহার্য জিনিসপত্র, খাবার, পানীয় ইত্যাদি দান করেন। উৎসর্গের সময় ইমং ভিক্খং অট্ঠপরিকখারং ভিক্খুসঙ্গসম দেন, পূজেম বলে তিনবার উচ্চারণ করেন।

ক) উপসম্পদা প্রার্থীকে কার অনুমতি নিতে হয়? ১

খ) প্রব্রজ্যাকে উন্মুক্ত আকাশের সাথে তুলনা করা হয়েছে কেন? ২

গ) অনুচ্ছেদে বর্ণিত দানকার্যে কোন দানের ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত দান কার্যের সুফল ব্যাখ্যা কর। ৪

৫। বর“না চাকমা পেশায় সেবিকা। তিনি এক আত্মীয়ের দুর্ঘটনার কারণে তাঁর এক নবজাত পুত্র সন্ড়ানের লালন-পালনের দায়িত্ব নেন। পুত্র বড় হলে জগতের আলোকপ্রাপ্ত মহাজ্ঞানী হিসেবে স্বীকৃতি লাভ করেন। তাঁর আদর্শে অনুপ্রাণিত হয়ে শ্র“তিধর স্থবিরের নিকট বর“না চাকমা প্রব্রজ্যা ধর্মে দীক্ষা গ্রহণের ইচ্ছা পোষণ করলেন এবং তা বাস্ড়বে সুচার“রূপে সম্পন্ন করেন।

ক) গৌতম বুদ্ধের পূর্ববতী বুদ্ধের নাম কী ছিল? ১

খ) চরিতমালার প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২

গ) বর“না চাকমার ঘটনার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন মহাথেরীর জীবনী ও গুণাবলী প্রতিফলিত হয়েছে- ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত মহাথেরীর অর্হত্বফল বর“ণা চাক্মার ক্ষেত্রে কতটুকু প্রতিফলন ঘটতে পারে? মূল্যায়ন কর। ৪

৬। অঞ্জনার বিয়ে হয়েছে এক ধনী পরিবারে। সে প্রতিদিন ত্রিরত্নের সেবা করে। একদিন দান দেওয়ার সময় সংবাদ এলো তাঁর পুত্রকে হত্যা করা হয়েছে। কিন্ডু এ সংবাদ শুনে ও সে ধৈর্যসহকারে পুণ্যকাজ সম্পন্ন করল।

ক) অমিতোদন কার ভাই ছিলেন? ১

খ) কেন মহাপ্রজাপতির নাম মহাপ্রজাপতি গৌতমী নামে পরিচিতি লাভ করেন? ২

গ) উদ্দীপকে কোন মহিয়সী নারীর ইঙ্গিত রয়েছে? তাঁর পরিচয় ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত নারীর পুত্রদের কেন হত্যা করা হয়েছিল- বিশে-ষণ কর। ৪

৭।




ক) প্রাচীনকালে কয়টি জনপদ ছিল? ১

খ) জাতকে বর্ণিত সমুদ্র বাণিজ্য সম্পর্কে লেখ। ২

গ) উদ্দীপকে তোমার পাঠ্যপুস্ড়কের কোন জাতকের কথা ইঙ্গিত করছে?- ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত জাতকের শিক্ষা তোমার জীবনে কী প্রভাব ফেলবে তা বিশে-ষণ কর। ৪

৮। সাধন বড়ুয়া সপরিবারে বৌদ্ধদের প্রধান তীর্থস্থান দর্শনে যান। তারা এমন একটি স্থানে পৌছলেন, যেখানে বুদ্ধ মহাজ্ঞান/বুদ্ধত্ব লাভ করেন। উক্ত স্থানটিকে পুরাকীর্তি সংরক্ষিত রয়েছে এ জন্য আন্ডর্জাতিকভাবে এ জায়গাটি প্রসিদ্ধ।

ক) বুদ্ধের প্রথম ধর্মদেশনা কী নামে পরিচিত? ১

খ) তীর্থস্থানের ধর্মীয় গুর“ত্ব ব্যাখ্যা কর। ২

গ) সাধন বড়ুয়া কোন তীর্থসব্থান ভ্রমণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত তীর্থস্থান ঐতিহাসিক গুর“ত্ব পাঠ্যবইয়ের আলোকে বিশে-ষণ কর। ৪

৯।



১০। এন্ড্রু গ্রামের একজন ঈশ্বরভক্ত মানুষ। তিনি যুবকদের নিয়ে একটি সংগঠন করেছেন। সংগঠনের মাধ্যমে তিনি গরিবদের সেবা করেন ও চিকিৎসা সেবা দেন। পারিবারিক প্রার্থনা ও রবিবার দিন গির্জায় গান পরিচালনায় ও বাইবেল পাঠে অংশ নেন।

ক) জন্মের কতদিন পর থিওটোনিয়াস অমল গাঙ্গুলীকে দীক্ষান্নান দেওয়া হয়? ১

খ) সেমিনারি ও স্কুলে অমল কেমন ছিলেন? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের কমল টিএ গাঙ্গুলীর কোন গুণগুলো ধারণ করেছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের কমল যেন টিএ গাঙ্গুলীরই প্রতিচ্ছবি। উক্তিটি বিশে-ষণ কর। ৪

১১। ১৯৭১ সালে মন্টু কয়েকজন বন্ধুবান্ধব নিয়ে গ্রামে একটি শরণার্থী ক্যাম্পে গঠন করেন। তিনি কর্মময় জীবনে একজন মেধাবী ডাক্তার ছিলেন। আহত ও পঙ্গু মুক্তিযোদ্ধাদের ওষুধপথ্য দিয়ে সাধ্যমতো সেবাযত্ন করে সারিয়ে তুলতেন। এভাবে পরোক্ষভাবে তিনি মুক্তিযুদ্ধে স্বাধীন দেশ গঠনে সহযোগিতা করেছিলেন।

ক) আর্চবিশপ গাঙ্গুলী কোন ধর্মপল-ীতে জন্মগ্রহণ করেন? ১

খ) আর্চবিশপ লরেন্স গ্রেনার কেন পাকিস্ড়ান সরকারের তীব্র সমালোচনা করেছেন? ২

গ) মুক্তিযুদ্ধে মন্টুর ভূমিকার সঙ্গে বিশপ গাঙ্গুলীর যে অবদান- এর সাদৃশ্য তা দেখাও। ৩

ঘ) উদ্দীপকে আহত মুক্তিযোদ্ধাদের সেবাযত্ন করা মন্টুর খ্রিষ্টীয় দায়িত্ব- বিশে-ষণ কর। ৪

# অর্ধ-বার্ষিক পরীক্ষা- ২০২০

## শ্রেণি - অষ্টম

## বিষয় : খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা

## (সৃজনশীল)

সময় : ২.৩০ মিনিট পূর্ণমান -৭০

**যে কোন সাতটি সৃজনশীল প্রশ্নের উত্তর লেখ ঃ** ১০×৭ = ৭০

১। জেমস সাধারণ মানুষ। সে জমিদারের বাড়িতে বাজার করে দেওয়ার কাজ করে। কেনাকাটা করে সঠিক হিসাব জমিদারকে বুঝিয়ে দেয়। কিছুদিন পর জমিদার তার পরিবার নিয়ে বিদেশে পাড়ি জমান। যাওয়ার আগে জেমসকেই তার জমিজমা দেখার দায়িত্ব দিয়ে যান।

ক) যীশু স্বর্গরাজ্যের চাবিকাঠি কার হাতে দিয়েছিলেন? ১

খ) প্রেরিত শিষ্য বলতে কী বোঝ? ২

গ) জেমসের মধ্যে পিতরের কোন বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে? বর্ণনা কর। ৩

ঘ) "দায়িত্ব অর্পণের ক্ষেত্রে জমিদার যেন যীশুরই প্রতিচ্ছবি।" মূল্যায়ন কর। ৪

২। নিউটন একজন দোকানদার। কঠোর পরিশ্রম করেও সে খুব একটা উন্নতি করতে পারছিল না। অবশেষে পুরোহিতের পরামর্শ অনুসারে কাজ করে যে ভালো ফলাফল পেল। এরপর থেকে সে নিয়মিত গির্জায় যেত, প্রার্থনায় অংশগ্রহণ করত, বিভিন্ন ধর্মীয় কাজে এগিয়ে আসত ও সাহায্য-সহযোগিতা করত।

ক) মন্ডলীর প্রথম পোপ কে ছিলেন? ১

খ) খোঁড়া ভিক্ষুকের সুস্থ হওয়ার ঘটনাটি ব্যাখ্যা কর। ২

গ) যীশুর কোন শিক্ষার আলোকে পুরোহিত নিউটনকে পরামর্শ দিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) নিউটনের মধ্যে পাঠ্যপুস্ড়কের কার চারিত্রিক বৈশিষ্ট্য প্রতিফলিত হয়েছে? বিশে-ষণ কর। ৪

৩। স্টিভ নামে এক ব্যক্তি একতারা, ঢোল, বেহালা নিয়ে গান করছে। তার সাথে আরও কয়েকজন সহযোগী আছে। কাছে যেতেই পরিষ্কার বুঝলাম তারা বিভিন্ন সুর দিয়ে বাইবেলের গল্পগুলো গানে গানে বলছে। চারিদিকে ভিড় করে মানুষজন তাদের গান শুনছে। গানে গানে শোনার ফলে বাইবেলের ঘটনাগুলো তাদের ভালো লাগল ও বুঝতে পারল।

ক) 'প্রেরিতদূত' কথাটির অর্থ কী? ১

খ) যীশু মথিকে আহ্বান করলেন কেন? ২

গ) যীশুর কোন শিক্ষাদান পদ্ধতি স্টিভ-এর মধ্যে প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) তুমি কি মনে কর, স্টিভের কাজ ঐশরাজ্য বিস্তারে ভূমিকা রাখবে? তোমার মতামত দাও। ৪

৪। সেলিন, লিনা ও এ্যানি এরা সবাই বান্ধবী। সবাই পড়াশোনা নিয়ে ব্যস্ত থাকে এবং অন্যদের সহযোগিতা করে। ধর্ম নিয়ে আলোচনা প্রসঙ্গে তারা প্রায়ই জাগতিক রাজ্য ও ঐশরাজ্য নিয়ে আলোচনা করত। তারা আলোচনা থেকে বুঝতে পারল যে, যীশু প্রতিনিয়ত আমাদের তার রাজ্যের কর্মী হওয়ার জন্য আহ্বান করছেন।

ক) যীশুর কোন শিষ্য যীশুকে শত্রুদের হাতে তুলে দিয়েছিলেন? ১

খ) যীশুখ্রিষ্ট এ জগতে এসেছিলেন কেন? ২

গ) সেলিন, লিনা ও এ্যানি যে রাজ্য দুটির আলোচনা করেছে তা ব্যাখ্যা কর।৩

ঘ) সেলিন, লিনা ও এ্যানি কীভাবে ঐশরাজ্য বিস্তারের জন্য কাজ করতে পারে? তোমার মতামত দাও। ৪

৫। একবার গ্রীষ্মের ছুটিতে রেবেকা গ্রামের বাড়িতে বেড়াতে গেল। সেখানে সে লক্ষ করল যে, গ্রামের লোকেরা একতাবদ্ধ হয়ে জীবনযাপন করে, যদিও অধিকাংশ মানুষ অনিশ্চিত। সে তখন একটি বয়স্ক শিক্ষাকেন্দ্র গড়ে তুলল। লেখাপড়ার পাশাপাশি রেবেকা মানুষকে ধর্ম শিক্ষাও দেন। একদিন আলোচনা করেন যে, আমরা কীভাবে খ্রিষ্টের সাথে সংযুক্ত।

ক) খ্রিষ্টমন্ডলী কে স্থাপন করেছেন? ১

খ) কীভাবে খ্রিষ্টমন্ডলী খ্রিষ্টের মৃত্যু ও পুনরুত্থানের সহভাগি হয়? ২

গ) রেবেকার গ্রামের বাড়ির লোকদের একতার সাথে পাঠ্যপুস্তকের কোনটির মিল রয়েছে? বাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে রেবেকার আলোচনার মূলভাবের যথার্থতা মূল্যায়ন কর। ৪

৬। শ্যামূয়েল একজন আদর্শ বাবা। তার পাঁচজন ছেলে। সবাই সুশিক্ষিত। তিনি তার সব ছেলেকে পরিবারের কাজের দায়িত্বগুলো ভাগ করে দিয়েছেন। তিনি তাদের বলেন, পরিবারে সবাই একই কাজ করে না। প্রত্যেককেই ভিন্ন ভিন্ন দায়িত্ব পালন করতে হয়।

ক) কোন্ সংস্কারের মধ্য দিয়ে খ্রিষ্টমন্ডলী খ্রিষ্টের দেহকে বাস্তবে গ্রহণ করে? ১

খ) খ্রিষ্টকে মন্ডলীর মস্তক বলা হয় কেন? ২

গ) শ্যামূয়েলের ছেলেদের বিভিন্ন দায়িত্ব পালনের মধ্য দিয়ে খ্রিষ্টমন্ডলীর কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে শ্যামূয়েলের দায়িত্ব বন্টন, দ্রাক্ষালতা ও তার শাখা-প্রশাখা'র সাথে কতটা সম্পর্কিত? বিশ্লেষণ কর। ৪

৭। রাফায়েল ও সৃজন সহপাঠী। রাফায়েল ধার্মিক। সে কারও অন্যায় বা ক্ষতি করে না। জাগতিক কোনো বিষয়ের প্রতি তার লোভলালসা নেই। পিটার গোপনে রাফায়েলকে মন্দ কাজে জড়াতে চাইল। রাফায়েল বুঝতে পেরে পিটারের কাছে থেকে দূরে সরে গিয়ে তার নীতিতে অটল থাকল।

ক) ঈশ্বরের প্রতি ন্যায্যতাকে কী বলে? ১

খ) যীশু শাস্ত্রী ও ফরিসিদের সমালোচনা করেছেন কেন? ২

গ) উদ্দীপকের রাফায়েলের মধ্যে যীশুর কোন বৈশিষ্ট্য লক্ষণীয়? ব্যাখ্যা কর। ৩

ঘ) পিটার কোন পন্থা অবলম্বন করলে ব্যক্তিগত ও পারিবারিক জীবনে আত্ম সংযমী হতে পারত? মূল্যায়ন কর। ৪

৮। সুব্রত পরিবারের সদস্যদের সাথে যতখানি খোলামেলা কথা বলে বা প্রয়োজনে কথা কাটাকাটি করে, বাইরের পরিচিত বা বন্ধুদের সাথে ততখানি করে না। এসব ক্ষেত্রে অনেক আত্মসংযমের পরিচয় সে দেয়।

ক) যীশু কত দিন রাত উপবাস করেছিলেন? ১

খ) শান্তি প্রতিষ্ঠার পূর্বে ন্যায্যতা প্রতিষ্ঠা গুরুত্বপূর্ণ কেন? ২

গ) সুব্রত পরিবার ও পরিবারের বাইরের বন্ধুদের সাথে যে গুণের অনুশীলন করেন তা ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের সুব্রত যে গুণটির অনুশীলন করেন এর ফলে তার পরিবারে কেমন অবস্থা বিরাজ করবে? মূল্যায়ন কর। ৪

৯। যাকোব ও যোহন দুই ভাই। তাদের পৈতৃক সম্পত্তি ভাগাভাগি নিয়ে বিরোধ দীর্ঘ দিনের। যোহন অনেকবার চেষ্টা করেছে এ বিরোধ মীমাংসা করার জন্য। কিন্তু বড় ভাই যাকোব একটু উগ্র ধরনের। কোনো উপায় না পেয়ে যোহন গ্রাম প্রধানের কাছে বিচারের আবেদন জানাল। গ্রাম প্রধান যোহনের সব কথা শুনে বিচারের ব্যবস্থা করলেন এবং দুই ভাইয়ের মধ্যে সম্পত্তি সমান দুই ভাগ করে দিয়ে মীমাংসা করে দিলেন।

ক) যোসেফের ভাইয়েরা যোসেফকে কাদের কাছে বিক্রি করেছিলেন? ১

খ) যীশু শাস্ত্রী ও ফরিসিদের সমালোচনা করেছেন কেন? ২

গ) গ্রাম প্রধানের ভূমিকায় কোন শিক্ষা প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) দুই ভাইয়ের মধ্যে বিরোধ মীমাংসা করার ফলে কী প্রতিষ্ঠিত হলো? বিশ্লেষণ কর। ৪

(খ) **সারমর্ম লিখ ঃ**

এই যে বিটপি-শ্রেণি হেরি সারি সারি
কি আশ্চর্য শোভাময় যাই বলিহারি!
কেহ বা সরল সাধু-হৃদয় যেমন,
ফল–ভরে নত কেহ গুণীর মতন।
এদের স্বভাব ভালো মানবের চেয়ে,
ইচ্ছা যার দেখ দেখ জ্ঞানচক্ষে চেয়ে।
যখন মানবকুল ধনবান হয়,
তখন তাদের শির সমুন্নত রয়।
কিন্তু ফলশালী হলে এই তরুগণ,
অহংকারে উচ্চশির না করে কখন।
ফলশূন্য হলে সদা থাকে সমুন্নত,
নীচ প্রায় কার ঠাঁই নহে অবনত।

**৮। যে কোনো একটি ভাবসম্প্রসারণ কর ঃ** **১×৫ = ৫**

ক) সঙ্গ দোষে লোহা ভাসে।

খ) লোভে পাপ পাপে মৃত্যু।

**৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ** **১×৫ = ৫**

ক) কম্পিউটার শিক্ষার গুরুত্ব বর্ণনা করে তোমার ছোট বোন বনানীকে একটি পত্র লেখ।

খ) মনে কর, তুমি চট্টগ্রাম সরকারি মুসলিম হাই স্কুলের অষ্টম শ্রেণির ছাত্র নোবেল। ক্লাস ক্যাপ্টেন হিসেবে শিক্ষা সফরের গুরুত্ব উলে-খ করে প্রধান শিক্ষকের নিকট শিক্ষা সফরে যাওয়ার অনুমতি চেয়ে আবেদনপত্র লেখ।

**১০। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা লেখ ঃ** **১×১৫ = ১৫**

ক) অধ্যবসায়

খ) বাংলাদেশের কৃষক

গ) শ্রমের মর্যাদা

# অর্ধ-বার্ষিক পরীক্ষা- ২০২০

**শ্রেণি : অষ্টম**

**বিষয় : বাংলা** বিষয় কোড: ১০১

**(সৃজনশীল)**

সময় : ২.৩০ মিনিট পূর্ণমান -৭০

**সৃজনশীল- ৪০**

**গদ্যাংশ**

যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২ = ২০

১। অসাধ্য সাধন করেছেন মাহাত্মা গান্ধী। তিনি মানুষকে ভালবেসেছেন বলেই তাঁর কথায় সবাই কাজ করেছিলেন। তাঁর কথার সঙ্গে কাজের মিল আছে বলেই মানুষ তাঁকে ভালবেসে আগলে রেখেছেন।

ক) 'বিদ্রোহী' কবিতাটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছে? ১

খ) সোনার কাঠি বলতে কী বোঝানো হয়েছে? ২

গ) উদ্দীপকে মাহাত্মা গান্ধীর মধ্যে 'ভাব ও কাজ' প্রবন্ধের কোন দিকটি বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩

ঘ) 'তাঁর কথার সঙ্গে কাজের মিল আছে বলেই মানুষ তাঁকে ভালবেসে আগলে রেখেছেন'- মন্ড়ব্যটি 'ভাব ও কাজ' প্রবন্ধের আলোকে বিশে-ষণ কর। ৪

২।




ক) ঢাকার রেসকোর্স ময়দানটির বর্তমান নাম কী? ১

খ) 'আজ বাংলার মানুষ মুক্তি চায়' বলতে কি বুঝানো হয়েছে? ২

গ) উদ্দীপকের আলোকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ভাষণটির বিষয় বিশে-ষণ করো। ৩

ঘ) 'বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণটি নানা ঐতিহাসিক আন্দোলনের ফলশ্রুতি'- বিষয়টি উদ্দীপকের আলোকে মূল্যায়ন করো? ৪

৩। "নিশি অবসান ঐ পুরাতন বর্ষ হও গত
বন্ধু হও শত্রু হও যেখানে যে রহ
ক্ষমা করিও আজিকার মতো
পুরাতন বর্ষের সাথে পুরাতন অপরাধ যতো"।

ক) বাংলা নববর্ষের প্রধান অনুষ্ঠানের নাম কী? ১

খ) "বাংলা নববর্ষ আমাদের প্রধান জাতীয় উৎসব"- কেন? ২

গ) উদ্দীপকের ভাবার্থ 'বাংলা নববর্ষ প্রবন্ধের কোন দিকটি নির্দেশ করে? ব্যাখ্যা কর।' ৩

ঘ) উদ্দীপকটি 'বাংলা নববর্ষ' প্রবন্ধের সমগ্র ভাব ধারণ করে না।- বিশ্লেষণ কর। ৪

## কবিতাংশ

যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২ = ২০

৪। অষ্টম শ্রেণির শিক্ষার্থী মুনির। ক্লাসে শিক্ষক যখন পাঠদান করেন তখন সে চুপচাপ শুনে থাকে। তার মনে অনেক প্রশ্ন জাগে কিন্তু সে কোনো প্রশ্ন করে না, লজ্জা পায়। সবসময় ভয়ে তটস্থ থাকে এবং যে কোনো কাজে নিজেকে গুটিয়ে রাখে। অপরদিকে সুবল শিক্ষকের পাঠদানের ফাঁকে প্রয়োজনীয় প্রশ্ন করে বিষয়টি ভালোভাবে বুঝতে চেষ্টা করে।

ক) শক্তি কীসের কবলে মরে? ১

খ) স্নেহের কথা কীভাবে ব্যথা প্রশমন করতে পারে- ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের মুনিরের মধ্যে 'পাছে লোকে কিছু বলে' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের সুবল 'পাছে লোকে কিছু বলে' কবিতার কবির প্রত্যাশিত ব্যক্তি।"- মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৫। সৃজন সাহেবের ছেলে-মেয়ে একই বিদ্যালয়ে পড়ালেখা করে। ছেলের জন্য গৃহশিক্ষক রেখে দিলেও মেয়ের ব্যাপারে তিনি উদাসীন। মেয়ে পরীক্ষায় খারাপ করলে প্রধান শিক্ষক-অভিভাবককে ডেকে বলেন, "ছেলে-মেয়ের প্রতি বৈষম্য করা আপনার ঠিক হচ্ছে না। ছেলে-মেয়ে দু'জনই সমান গুরুত্বপূর্ণ।"

ক) কাজী নজরুল ইসলাম নর-নারী উভয়কে কী হিসেবে দেখেন? ১

খ) "পীড়ন করিলে সে পীড়ন এসে পীড়া দেবে তোমাকেই"- ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকের সুজন সাহেবের মধ্যে 'নারী' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ) "উদ্দীপকের প্রধান শিক্ষকের বক্তব্যই যেন 'নারী' কবিতার প্রতিধ্বনি"- যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৬। অংশ- ১ :

এ কি অপরূপ রূপে মা তোমার
হেরিনু পল্লি- জননী
ফুলে ও ফসলে কাদা-মাটি-জলে
ঝলমল করে লাবনি।"

অংশ- ২ :

"জন্মেছি মাগো তোমার কোলেতে
মরি যেন এই দেশে।"

ক) লক্ষীপেঁচা কোথায় ডাকছে? ১

খ) "রাঙা মেঘ সাঁতরায়ে অন্ধকারে আসিতেছে নীড়ে" কথাটি বুঝিয়ে লেখ। ২

গ) উদ্দীপকের অংশ- ১ এ 'আবার আসিব ফিরে' কবিতার কোন ভাবটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের অংশ- ২ 'আবার আসিব ফিরে' কবিতার মূলভাবকেই প্রকাশ করেছে"- উক্তিটি মূল্যায়ন কর। ৪

## নির্মিতি অংশ ঃ ৩০

**৭। যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৫ = ৫**

**(ক) সারাংশ লিখ ঃ**

বাঙালি যেদিন ঐক্যবদ্ধ হয়ে বলতে পারবে- 'বাঙালির বাংলা' সেদিন তারা অসাধ্য সাধন করবে। বাঙালির মতো জ্ঞান-শক্তি ও প্রেম-শক্তি (ব্রেন সেন্টার ও হার্ট সেন্টার) এশিয়ায় কেন, বুঝি পৃথিবীতে কোনো জাতির নেই। কিন্তু কর্ম-শক্তি একেবারে নেই বলেই তাদের এই দিব্যশক্তি তমসাচ্ছন্ন হয়ে আছে। তাদের কর্ম-বিমুখতা, জড়তা, মৃত্যুভয়, আলস্য, তন্দ্রা, নিদ্রা ব্যবসা-বাণিজ্যে অনিচ্ছার কারণ। তারা তামসিকতায় আচ্ছন্ন হয়ে চেতনা-শক্তিকে হারিয়ে ফেলেছে। এই তমঃ, এই তিমির এই জড়তাই অবিদ্যা। অবিদ্যা কেবল অন্ধকার পথে ভ্রান্তির পথে নিয়ে যায়, দিব্যশক্তিকে নিস্তেজ, মৃতপ্রায় করে রাখে।

অথবা ,

# অর্ধ-বার্ষিক পরীক্ষা- ২০২০

**শ্রেণি : অষ্টম**

**শ্রেণি : অষ্টম**

## বিষয় : চারু ও কারুকলা

সময় : পূর্ণমান- ৫০

**যে কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও ঃ** **১০**

১। রবীন্দ্রনাথের চিত্র কর্ম সম্পর্কে যতটুকু জেনেছ তা বর্ণনা কর।

২। ‘শিল্পকলা’ সম্পর্কে সংক্ষেপে লেখ।

৩। লোক শিল্প ও কারুশিল্পের পারস্পরিক সম্পর্ক তুলনা কর।

৪। শিল্পাচার্য জয়নুল আবেদিনের জীবন ও তাঁর শিল্পকর্ম সম্পর্কে যা জান তা লিখ?

**বহুনির্বাচনি প্রশ্ন** **১৫×১ = ১০**

১। পশ্চিম বঙ্গের বাঁকুড়া জেলায় বেলিয়াতোড় নামক গ্রামে জন্মগ্রহণ করেন কে?

(ক) নন্দলাল বসু (খ) রবীন্দ্রনাথ ঠাকুর
(গ) যামিনী রায় (ঘ) অবনীন্দ্রনাথ ঠাকুর

২। শিল্পাচার্য জয়নুল আবেদিন জন্মগ্রহণ করেন-

(ক) ১৯১৪ (খ) ১৯১৭ (গ) ১৯১৩ (ঘ) ১৯৫১

৩। ভিনসেন্ট ভ্যানগগ কোথায় জন্মগ্রহণ করেন?

(ক) ইটালি (খ) হল্যান্ড (গ) আমেরিকা (ঘ) ইংল্যান্ড

৪। শিল্পী কীসের মাধ্যমে আমাদের অন্তর্দৃষ্টি সম্প্রসারিত করেন?

(ক) গানের মাধ্যমে (খ) নাচের মাধ্যমে
(গ) শিল্পকলার মাধ্যমে (ঘ) অভিনয়ের মাধ্যমে

৫। ‘সংগ্রাম’ ছবিটি কার আঁকা?

(ক) কাইয়ুম চৌধুরী (খ) মোস্তফা মনোয়ার
(গ) নন্দলাল বসু (ঘ) শিল্পাচার্য জয়নুল আবেদিন

৬। যা নিয়ে ছবি আঁকা হয় তাকে ছবির কী বলা হয়?

(ক) বিষয় (খ) আকৃতি (গ) উপাদান (ঘ) ধরন

৭। কোনটি সভ্যতার বাহন?

(ক) কম্পিউটার (খ) কলম (গ) কাগজ (ঘ) টেলিভিশন

৮। কোনটি প্রাচীন শিল্প কর্মের নিদর্শন?

(ক) হাঁসের ছানা　　(খ) মাটির সানকি

(গ) মাটির হাঁড়ি　　(ঘ) কাঠের মূর্তি

৯। সভ্যতার আবর্তনে কোন যুগ থেকে মানুষ মাটির পাত্র ও বিভিন্ন জিনিস তৈরি করতে শিখেছে?

(ক) মধ্যযুগ　　(খ) টার্শিয়ারি যুগ　　(গ) শিল্পযুগ　　(ঘ) আদি যুগ

১০। ঐতিহ্যগত ভাবে কোনটির গুরুত্ব অনেক বেশি?

(ক) কদবেলের খেলনার　　(খ) চারুকলার

(গ) পোড়ামাটির চিত্রের　　(ঘ) পাটের আঁশ দিয়ে তৈরি পুতুলের

**ব্যবহারিক :** **৩০**

খ) শরৎকালের নদীর ঘাট প্যাস্টেল রং দিকে আঁক।